গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১০.০০.০০০০.১২৭.০৮.০০৯.১৭-৫৭৯

তারিখঃ- ২৮ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ।
১২ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

প্রেরক ঃ মোঃ নুরুল আলম সিদ্দিক
সিনিয়র সহকারী সচিব

প্রাপক ঃ ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্তণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর।

বিষয়ঃ- ১৫ (পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটিসহ ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমান অর্থ শ্রান্তি বিনোদন ভাতা হিসেবে মঞ্জুর প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ১১/১১/২০১৮ খ্রিঃ তারিখের ১জে-০৭/১৮ (অংশ-১)-৬৮৩২ এ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৯৭৯ সনের বাংলাদেশ সার্ভিস (শ্রান্তি বিনোদন ভাতা) বিধি এবং অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-২ থেকে জারীকৃত ১২ জুলাই ১৯৯৯ ইং তারিখের অম/অবি (বাঃ-১) ভাতা-১৬/৯৫-১৯৭৬ নম্বর অফিস স্মারক মনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তার শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার ভবিষ্যত প্রাপ্যতা অক্ষুন্ন রেখে তাঁর নামের পার্শ্বে ৩ নং কলামে উল্লিখিত ১৫ (পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটিসহ ৪নং কলামে বর্ণিত মূল বেতনের সমপরিমান অর্থ ভাতা হিসেবে নির্দেশক্রমে মঞ্জুর করা হলো ঃ

| ক্রমিক নং | নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | মঞ্জুরীকৃত ছুটি | মূল বেতন |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আশরাফুল আলম<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর। | ১৬/৯/২০১৮ খ্রিঃ তারিখ হতে ৩০/৯/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিন। | সেপ্টেম্বর/২০১৮ মাসে আহরীত মূল বেতনের সমপরিমান অর্থ। |

২। উল্লিখিত কর্মকর্তার শ্রান্তি বিনোদন ভাতা ২০১৮-২০১৯ অর্থ বছরে তাঁর দপ্তরের সংশ্লিস্ট খাতের অর্থ হবে বিকলনীয়।

৩। উল্লেখ,বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ অনুযায়ী মামলার জট নিরসন ও বিচার প্রার্থী জনগণের দ্রুত বিচার প্রাপ্তির উদ্দেশ্যে উপরিবর্ণিত কর্মকর্তাকে উক্ত মঞ্জুরীকৃত শ্রান্তি বিনোদন ছুটির মধ্যে ১৬/৯/২০১৮ খ্রিঃ তারিখ হতে ০৭ (সাত) দিন ভোগ করার জন্য বলা হলো।

৪। অত্র বিভাগের ০৬/৮/২০১৮ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৭.০৮.০০৯.১৭-৫১০ নং স্মারকের ক্রমিক নং-১ এর অংশটুকু এতদ্বারা বাতিল করা হলো।

১২/৯/১৮

(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, গাজীপুর।
উল্লেখ্য, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ অনুযায়ী উপরিবর্ণিত কর্মকর্তাকে উক্ত মঞ্জুরীকৃত শ্রান্তি বিনোদন ছুটির মধ্যে ১৬/৯/২০১৮ খ্রিঃ তারিখ হতে ০৭ (সাত) দিন ভোগ করার অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৩। জনাব মোঃ আশরাফুল আলম, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাজীপুর।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।